# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২১৩

১/ বিবিধ

---

আরবী

الغلاء والرخص جندان من جنود الله، اسم أحدهما: الرغبة، والآخر الرهبة، فإذا أراد الله أن يغليه قذف في قلوب التجار الرغبة فحبسوا ما في أيديهم، وإذا أراد الله أن يرخصه قذف في قلوب التجار الرهبة فأخرجوا ما في أيديهم
موضوع

رواه العقيلي في " الضعفاء " (330) : حدثنا محمد بن زكريا الغلابي قال: حدثنا العباس بن بكار الضبي قال: حدثنا عبد الله بن المثنى قال: حدثني ثمامة ابن عبد الله عن أنس مرفوعا وقال:" هذا حديث باطل لا أصل له
ذكره في ترجمة الضبي هذا وقال فيه: الغالب على حديثه الوهم والمناكير
قلت: وقال الدارقطني: كذاب
وقال الذهبي:" اتهم بحديث: إذا كان يوم القيامة نادى مناد: يا أهل الجمع غضوا أبصاركم عن
فاطمة.. " الحديث وسيأتي (2688)
ثم ساق له هذا الحديث وقال: أيضا باطل
واتهمه الحافظ في " اللسان " بوضع ما رواه بسنده عن أم سلمة قالت
" لم ير لفاطمة دم في حيض ولا نفاس
قلت: والراوي عنه الغلابي كذاب أيضا، فأحدهما اختلق هذا الحديث. وقد أورده ابن الجوزي في " الموضوعات " من رواية العقيلي هذه، ووافقه السيوطي في

اللآلىء " (رقم 1784) ثم ابن عراق في " تنزيه الشريعة المرفوعة عن الأخبار الشنيعة الموضوعة " (293/2)

বাংলা

১২১৩। মূল্য বৃদ্ধি এবং স্বল্পমূল্য (সস্তা) আল্লাহর সৈন্য দলের মধ্য থেকে দুটি সৈন্য। উভয়ের একটির নাম হচ্ছে আকাঙ্ক্ষা (আগ্রহ) আর দ্বিতীয়টির নাম হচ্ছে ভীতি। আল্লাহ্ তা'আলা যখন কোন কিছুর মূল্য বৃদ্ধি করতে চান তখন ব্যবসায়ীদের অন্তরে (ক্রয় করার) আগ্রহ বাড়িয়ে দেন, ফলে তারা তাদের নিকট থাকা পণ্যকে আটকিয়ে রাখে। আর আল্লাহ্ যখন কোন বস্তুর মূল্যহ্রাস করতে চান তখন ব্যবসায়ীদের অন্তরে ভীতি দিয়ে দেন, ফলে তাদের নিকট যে সব পণ্য রয়েছে সেগুলোকে তারা বিক্রি করার জন্য বের করে ফেলেন।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ওকায়লী "আযযুয়াফা" গ্রন্থে (৩৩০) মুহাম্মাদ ইবনু যাকারিয়া আল-গালাবী হতে, তিনি আব্বাস ইবনু বাক্কার আয্যাব্বী হতে, তিনি আবদুল্লাহ ইবনুল মুসান্না হতে, তিনি সুমামাহ ইবনু আব্দিল্লাহ হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফূ' হিসেবে বর্ণনা করেছেন।

ওকায়লী বলেনঃ এ হাদীসটি বাতিল। এর কোন ভিত্তি নেই। তিনি হাদীসটি আয-যাব্বীর জীবনী আলোচনা করতে গিয়ে উল্লেখ করে তার সম্পর্কে বলেছেনঃ তার হাদীসে সাধারণত সন্দেহ এবং মুনকারের আধিক্য লক্ষ্য করা যায়।

আমি (আলবানী) বলছিঃ দারাকুতনী বলেনঃ তিনি মিথ্যুক।

হাফিয যাহাবী বলেনঃ তাকে একটি হাদীস (জাল করার) দ্বারা দোষারোপ করা হয়েছে। “কিয়ামতের দিন কোন এক আহবানকারী আহবান করবে - হে সকল উপস্থিতি! তোমরা তোমাদের দৃষ্টিসমূহকে ফাতেমা (রাঃ) থেকে সংবরণ কর।” (এ হাদীসটি সম্পর্কে ২৬৮৮ নম্বরে আলোচনা আসবে)। অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ এটিও বাতিল। হাফিয ইবনু হাজারও “আল-মীযান” গ্রন্থে তার (দব্বীর) সনদে উম্মু সালামাহ হতে যে হাদীস বর্ণনা করেছেন এর দ্বারা তাকে (দব্বীকে) জাল করার দোষে দোষী করেছেনঃ (হাদীসটি হচ্ছে) “ফাতিমার হায়য এবং নিফাসের রক্ত দেখা যায়নি।”

আমি (আলবানী) বলছিঃ তার (দব্বী) থেকে বর্ণনাকারী গালাবীও একজন মিথ্যুক। অতএব তাদের দু'জনের একজন এ হাদীসটিকে বানিয়েছে। হাদীসটিকে ইবনুল জাওযী "আল-মওযুয়াত” গ্রন্থে ওকায়লীর এ বর্ণনা থেকেই উল্লেখ করেছেন। হাদীসটি জাল হওয়ার ব্যাপারে ইমাম সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (১৭৮৪) এবং ইবনু ইরাক (ইবনু আররাক নয়) "তানযীহুশ শারীয়াহ আল-মারফূয়াহ আনিল আখবারিশ শানীয়াতিল মওযুয়াহ" গ্রন্থে (২/২৯৩) ইবনুল জাওযীর সাথে ঐকমত্য পোষণ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72092

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন